

2<sup>nd</sup> Year 4<sup>th</sup> Semester

Paper – CC 8 [Epigraphy],

Section – C [Study of selected Inscriptions] (for 30 marks)

Sl. No.	Name of Inscription	প্রাপ্তিস্থান	কাল	লিপি	ভাষা	বিষয়বস্তু	Distribution of Marks
1.	Aśoka's Girnāra Rock Edict -1. (অশোকের গির্নার শিলালিপি) [এটি অশোকের প্রথম মুখ্য গিরি- অনুশাসন]	গুজরাতের 'জুনাগড়' জেলার জুনাগড় নামক নগর থেকে মাইলখানেক পূর্বে 'গির্নার' নামক পর্বতের একটি বড় কালো গ্রানাইট পাথরের গায়ে খোদাই করা হয়েছিল।	খ্রিস্টপূর্ব ২৫৭-২৫৬ অব্দ	আদি ব্রাহ্মী	অশোকীয় পশ্চিমা প্রাকৃত	* এই ধর্মলিপিটি দেবপ্রিয় প্রিয়দর্শী রাজা অশোকের দ্বারা লেখানো হয়েছিল।  * 'ধর্মলিপি' শব্দটি অশোকের ১৪টি প্রধান শিলালিপিতে এবং ৭টি স্তম্ভলিপিতে পাওয়া যায়।  * এটি মূলত সম্রাট অশোকের ধর্ম সংক্রান্ত বিভিন্ন অনুশাসন মূলক শিলালিপি, যেমন সেখানে বলা আছে – তার রাজধানী পাটলিপুত্রে (বর্তমান পাটনা) এবং তার সমগ্র রাজ্যে কোন জীব হত্যা করা যাবে না ও যজ্ঞে উৎসর্গ করা যাবে না।	1 x 5 = 5  (Short Note)

Unit - I

	2.	<p>Aśoka's Sāranātha Pillar Edict. (অশোকের সারনাথ গৌণ স্তম্ভলেখ)</p>	<p>সারনাথ নামক স্থানটি উত্তর প্রদেশের বারাণসী শহর থেকে ১৩ কি.মি. উত্তর পূর্বে অবস্থিত। * ইংরেজ প্রযুক্তিবিদ ফ্রেডরিক অস্কার ইমানুয়েল ওয়েটেল (Mr. F. Oertel) ১৯০৪ খ্রিস্টাব্দে অশোকের এই ভগ্ন স্তম্ভটি আবিষ্কার করেন, যেটি পালিশ করা বেলে পাথরের তৈরী ছিল।</p>	<p>খ্রিস্টপূর্ব ২৬২-২৬০ াব্দ</p>	<p>আদি ব্রাহ্মী</p>	<p>প্রাচ্যা প্রাকৃত</p>	<p>এটি অনুশাসন মূলত একটি স্তম্ভলেখ, যাতে রাজাজ্ঞার সুপ্রচার হয় তাই রাজা পাটলিপুত্রের মহামাত্রদের অনুরোধ করেছেন যে শুধুমাত্র পাটলিপুত্রে নয়, এই অনুশাসন যেন পাটলিপুত্রের পার্শ্ববর্তী বিষয়সমূহে (প্রদেশগুলিতে) এবং রাজধানী পরিবৃত্ত জঙ্গলপ্রদেশেও করা হয়। অশোক অভিলেখে এই অনুশাসন জারি করেছেন যে সঙ্ঘভেদের প্রচেষ্টা যেন আদৌ না করা হয়। এই অভিলেখ থেকে জানা যায় এই অনুশাসন যাতে ভিক্ষু ও ভিক্ষুণীদের কাছে পৌঁছায় রাজার প্রথম ও প্রধান অবদান ছিল সেটাই। এই অনুশাসনের একটি প্রতিলিপি মহামাত্রদের কাছে আর একটি তিনি উপাসকদের কাছে জমা রাখতে বলেছেন। উপবাসের দিনগুলিতে মহামাত্র এবং উপাসক উভয়ে এই অনুশাসন পড়বেন এবং জানবেন। অভিলেখের শেষ পর্যায়ে অনুশাসনটির যাতে ব্যাপকতর প্রচলন হয় সে সম্পর্কে পদক্ষেপ নেওয়ার কথা বলা হয়েছে।</p>	<p>1 x 5 = 5  (Historical Importance)</p>
--	----	--	---	--	---------------------	-------------------------	---	---